# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪০১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২৮. সিজদা্সমুহের অনুচ্ছেদমালা এবং কুরআন তিলাওয়াতের সিজদা্ সংখ্যা প্রসঙ্গে

باب تَفْرِيعِ أَبْوَابِ السُّجُودِ وَكَمْ سَجْدَةٍ فِي الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحِيمِ بْنِ الْبَرْقِيِّ، حَدَّثَنَا ابْنُ أَبِي مَرْيَمَ، أَخْبَرَنَا نَافِعُ بْنُ يَزِيدَ، عَنِ الْحَارِثِ بْنِ سَعِيدٍ الْعُتَقِيِّ، عَنْ عَبْدِ اللهِ بْنِ مُنَيْنٍ، ـ مِنْ بَنِي عَبْدِ كُلاَلٍ ـ عَنْ عَمْرِو بْنِ الْعَاصِ، أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم أَقْرَأَهُ خَمْسَ عَشْرَةَ سَجْدَةً فِي الْقُرْآنِ مِنْهَا ثَلاَثٌ فِي الْمُفَصَّلِ وَفِي سُورَةِ الْحَجِّ سَجْدَتَانِ . قَالَ أَبُو دَاوُدَ : رُوِيَ عَنْ أَبِي الدَّرْدَاءِ عَنِ النَّبِيِّ صلي الله عليه وسلم إِحْدَى عَشْرَةَ سَجْدَةً وَإِسْنَادُهُ وَاهٍ .

ـ ضعيف : المشكاة (١٠٢٩)

বাংলা

১৪০১। ’আমর ইবনুল ’আস (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে কুরআনের মধ্যে পনেরটি সিজদা্ পাঠ করিয়েছেন। তন্মধ্যে সূরাহ মুফাসসলে তিনটি এবং সূরাহ হাজ্জের মধ্যে দু’টি।[1]

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, আবূ দারদা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন যে, সিজদা্ এগারটি। তবে এ বর্ণনার সানাদ দুর্বল।

দুর্বল : মিশকাত (১০২৯)।

## English

Narrated Amr ibn al-'As:

The Prophet (ﷺ) taught me fifteen prostrations while reciting the Qur'an, including three in al-Mufassal and two in Surah al-Hajj.

Abu Dawud said: Abu al-Darda' has reported eleven prostrations from the Prophet (ﷺ), but chain of this tradition is weak.

## ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ কুরআনে সিজদার সংখ্যা, হাঃ ১০৫৭) ইবনু আবূ মারইয়াম হতে। এর সানাদ দুর্বল। আবূ দাউদ বলেনঃ এর সানাদ নিকৃষ্ট।

এক নজরে কুরআনে সাজদার আয়াতসমূহঃ

কুরআনে সাজদার আয়াতসমূহ ১৫টি- (ফিক্বহুস সুন্নাহ ১/১৬৫-১৬৭)। সেগুলো হচ্ছেঃ

(১) সূরাহ আল-আ‘রাফ, আয়াত : ২০৬।

(২) সূরাহ রা‘দ, আয়াত : ১৫।

(৩) সূরাহ আন-নাহল, আয়াত : ৪৯।

(৪) মারইয়াম, আয়াত : ১০৭।

(৫) সূরাহ ইসরা, আয়াত : ৫৮।

(৬-৭) সূরাহ হাজ্জ, আয়াত : ১৮, ৭৭।

(৮) সূরাহ ফুরক্বান, আয়াত ৬০।

(৯) সূরাহ নামল, আয়াত : ২৫।

(১০) সূরাহ সিজদা, আয়াত : ১৫।

(১১) সূরাহ সোয়াদ, আয়াত : ২৪।

(১২) হামীম সিজদা, আয়াত : ৩৭।

(১৩) সূরাহ নাজ্ম, আয়াত : ৬২।

(১৪) সূরাহ ইনশিক্কাক্ব, আয়াত : ২১।

(১৫) সূরাহ ‘আলাক্ব, আয়াত : ১৯।

তিলাওয়াতে সিজদার কতিপয় নিয়মঃ

১। এ সাজদার জন্য অযু শর্ত নয়।

২। তিলাওয়াতে সাজদার ক্বাযা নেই।

৩। একই আয়াত বারবার পড়লে শেষে কেবল একবার সিজদা্ দিলেই চলবে।

৪। যানবাহনে চলার পথে সিজদার আয়াত শুনলে ইশারায় নিজ হাতের উপর সিজদা্ করবে।

৫। সিজদাকারী ‘আল্লাহু আকবার’ বলে সিজদা্ করবে। অতঃপর সাজদার যেকোন দু‘আ পড়বে।

৬। তিলাওয়াতের সিজদা্ হবে মাত্র একটি।

৭। এ সিজদা ফারয নয়। তাই করলে সওয়াব আছে, না করলে গুনাহ নেই।

৮। সালাত সশব্দে হোক বা নিঃশব্দে সাজদার আয়াত তিলাওয়াত করলে সিজদা্ করতে হবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58719

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন